

কালের কণ্ঠ

Date: 28.03.2016

Page: 02

সরকারি আদেশ ছাড়া মিলবে না অফিশিয়াল পাসপোর্ট

নিজস্ব প্রতিবেদক ▷

এখন থেকে সরকারি আদেশ (জিও) ছাড়া অফিশিয়াল পাসপোর্ট মিলবে না। অফিশিয়াল পাসপোর্টে বিদেশ গিয়ে ফিরে না আসা এবং সরকারি কর্মকর্তা-কর্মচারী সাজিয়ে মানবপাচার রোধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে। এ ছাড়া বিদেশে এমআরপি পাসপোর্ট পাঠানোর ক্ষেত্রেও গতি আনা হচ্ছে। তিন দিনের মধ্যে যেকোনো দেশে পাসপোর্ট পাঠানো হবে।

গতকাল রবিবার বিকেলে আগারগাঁও পাসপোর্ট অধিদপ্তরে আয়োজিত সংবাদ সম্মেলনে ইমিগ্রেশন ও পাসপোর্টের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. মাসুদ রেজোয়ান এসব কথা জানান। তিনি বলেন, '২০১৬ সালে প্রকাশিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষে যেসব সরকারি সংস্থার নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ রয়েছে সেসব মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তর ও অধস্তন অফিস এবং স্বায়ত্তশাসিত সংস্থা, করপোরেশনের

অনুকূলে সরকারি আদেশের ভিত্তিতে বিনা ফিতে অফিশিয়াল পাসপোর্ট দেওয়া হবে। এ ছাড়া চিকিৎসা, হজ পালন ও তীর্থস্থান ভ্রমণের ক্ষেত্রেও সরকারি আদেশের ভিত্তিতে ফি গ্রহণ সাপেক্ষে অফিশিয়াল পাসপোর্ট দেওয়া হবে। অন্যান্য ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্রের (এনওসি) ভিত্তিতে ফি প্রদান সাপেক্ষে সাধারণ পাসপোর্ট ইস্যু করা হবে। শুধু বিভাগীয় অনাপত্তিপত্র দিয়েই নয়, অফিশিয়াল পাসপোর্ট তৈরিতে সরকারি আদেশ জমা দেওয়ার বিধান করা হয়েছে। এর আগে অফিশিয়াল পাসপোর্ট তৈরিতে শুধু সরকারি কর্মকর্তাদের সংশ্লিষ্ট বিভাগের অনুমোদন বা অনাপত্তিপত্র লাগত। শুধু বিদেশে যাওয়ার জন্য প্রয়োজন হতো সরকারি আদেশ।'

মাসুদ রেজোয়ান আরো বলেন, 'এখন থেকে শুধু জিও দেখালেই হবে না। সংশ্লিষ্ট ব্যক্তি যে মন্ত্রণালয়ের অধীনস্থ সেই মন্ত্রণালয়ের অফিশিয়াল ওয়েবসাইটে জিও থাকতে হবে। সেটি নিশ্চিত হয়ে তবেই অফিশিয়াল পাসপোর্ট ইস্যু করা হবে। এনওসি দিয়ে পাসপোর্ট নিতে চাইলে অর্ডিনারি পাসপোর্ট দেওয়া হবে।'

পাসপোর্ট অফিসে দালালের দৌরাত্ম্য সম্পর্কে জানতে চাইলে মাসুদ রেজোয়ান বলেন, 'অনেকে আছে পাসপোর্ট ফরম পূরণ করতে জানে না। এমনকি নামের ফাস্ট এবং লাস্টটাও বোঝে না। এ জন্যই দালালরা সুযোগ নেয়। এ সমস্যা সমাধানে অনলাইনে পাসপোর্টের আবেদনের চিন্তা-ভাবনা করা হচ্ছে। কয়েকটি এজেন্ট নিয়োগ করা হবে। তারা ৫০ টাকার বিনিময়ে পাসপোর্টের ফরম পূরণ করে পাঠাবে। তাতে দালালমুক্ত করা যাবে।'